সাংবাদিক রাজীব সত্যভ (৪৬) প্রয়াত হলেন। সম্প্রতি করোনা থেকে রেহা পেয়েছিলেন তিনি। তবে শরীরে করোনা পরবর্তী বাকটেরিয়ার সংক্রমণ প্রতিহত করতে পারেননি তিনি। সত্যভের মৃত্যুতে সাতটা শোকস্রব্দ করেছেন কংগ্রেস সভানেত্রী সনিয়া গান্ধী ও সাংসদ রাহুল গান্ধী।

কোভিড-প্রতিরোধী টিকাসিনের ক্ষেত্রে

৮৪ দিন না কাটলে কোভিডইন পোঁটলে আর দ্বিতীয় ডোজের জন্য নাম নিখুঁত করা যাবে না বলে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে এক নতুন নির্দেশিকায় জানিয়েছে কেজি। কেশরী স্বাস্থ্য মন্ত্রক অসম কোভিডশিষ্ট প্রতিবেশকের ক্ষেত্রে দু'টি ডোজের অন্তর্বর্তী সময় বাড়িয়ে ১২ থেকে ১৬ সপ্তাহ করা সিদ্ধান্ত আগেই জানিয়ে দিয়েছিল। কেন্দ্রের এই সিদ্ধান্তের জন্য বিয়েথীরা মোদী সরকারের টিকা নীতি নিয়ে আবারও প্রশ্ন তুলেছেন।

১৭ মে আশম টোকিয়ো

অলিম্পিক্স চাইছেন না জাপানের আশি শতাংশেরও বেশি নাগরিক। সে দেশে নতুন করে করোনা-সংক্রমণের কারণে এ বছরেও অলিম্পিক্স বন্ধ করার জন্য জনমত ক্রমশ জোয়ারদার

তার ফলেই অলিম্পিক্স আয়োজন নিতে এই জনসম্মত করা হয়।
ওজুকাটেই ক্রীড়াক্ষেত্রের কাছে ফুলকুমিত্তে আছে পড়ল অতিপ্রকল সাময়িক কৃষিকর তাউটে। ১৬৫ কিলোমিটার বেগে আছে পড়া ঝড়ে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে জনজীবন। ওজুকাট ছাড়াও কেল, কন্টিক, মহারাষ্ট্র, গোয়া এবং দমন ও দিউ সমানভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অর্ধে কৃষিক্ষেত্র ফুলকুমিত্তে ডেলের আগেই বিচ্ছিন্ন কয়েকটি ঘটনায় কন্টিকের সমুদ্র তীরের জেলাগুলিতে ৮ জন, মহারাষ্ট্রের কোল্ডন ৬ জন এবং কিত্তে ৪ জনের মৃত্যু হয় তাউটে-র দাপট। মুইয়ের বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়ে পড়া কেরল, কন্টিক, ওজুকাট ও কিত্তে বিস্তীর্ণ জায়গায় আটকে পড়া কয়েক হাজার মানুষকে উদ্ধার করেন জওয়ানরা।

গাজায় ফের হামলা শুরু ইজরায়েলের



১৬ মে: গাজা ভূখণ্ডে আকাশপথে ফের আক্রমণ শুরু করল ইজরায়েল। স্ফেপাশ্বের আক্রমণে নিহত হয়েছে অন্তত ৪২ জন। নিবেঞ্জ ও আহতদের সংখ্যা ৫০-এরও বেশি। ইজরায়েল সেনার দাবি, হামাস জঙ্গি সংগঠনের গুরুত্বপূর্ণ নেতা ইয়াহিয়েহ সিনওয়ানের গাজার বাসভান তারা মাটিতে মিশিয়ে দিয়েছে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ইজরায়েল ও প্যালেষ্টাইনের অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। টেলিফোনে দুই দেশের প্রেসিডেন্টের সঙ্গে কথা বলেন তিনি। ইজরায়েলকে সমর্থন জানালেও প্যালেষ্টাইনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের উদ্দেশ্যে তাঁর বার্তা ছিল হামাসকে নিয়ন্ত্রণ করার। তবে, ইজরায়েল-প্যালেষ্টাইনের চিরকালীন সংঘর্ষের মীমাংসার জন্য আলোচনার প্রস্তাবও দিয়েছেন তিনি।

ইটালীয় ওপেন নাদাল-শিয়ানটেকের



১৬ মে: ইটালীয় ওপেন ফাইনালে সার্বিয়ান মহাতারকা নোভাক জোকোভিচকে ৭-৫, ১-৬, ৬-৩ সেটে কার্যত উড়িয়ে দিলেন রাকয়েল নাদাল। ক্রে কোর্টের সম্রাট হিসেবে ব্যাচ রাকয়েল নাদাল বৃথিয়েও দিলেন ফরাসি ওপেনের আগে পুরোপুরি তৈরি তিনি। রোমে ফাইনালের আগে ৫৬ বার মুহোমুখি হয়েছেন দু'জনে। ২৯ বার জিতে ট্রফের অবশ্য এগিয়ে ছিলেন নোভাকই। অন্যদিকে, ইটালীয় ওপেনের মেয়েলের সিঙ্গলস চ্যাম্পিয়ন হলেন ইগা শিয়ানটেক। ক্যারোলিনা প্রিন্সকোভস্কি অধিশাস্য ভাবে ৬-০, ৬-০ সেটে হারিয়ে। ফরাসি ওপেনে গভবরের চ্যাম্পিয়ন শিয়ানটেকের সঙ্গে ট্রফি নিয়ে বললেন, 'এ ভাবে জিতব রয়েও তাবিনি। আশা করি, এই ছন্দটা ধরে রাখতে পারব পারিবেও।'

গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেকে নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপটিতে নবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

স্বপ্নকে সত্যি করার জন্য বাস্তব বুদ্ধি থাকতে হবে



শুভজিৎ চাকুরতা
জেনারেল ম্যানেজার
বহুজাতিক হোলসেল রিটেল সংস্থায় কর্মরত
গেস্ট ফ্যাকাশি
ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট এবং
এন এইচ এস এম নলেজ ক্যাম্পাস

আমাদের চারপাশে ক্রমশ একটা ডিজিটাল পরিসর তৈরি হচ্ছে। সংস্থার বিভিন্ন স্তরের কর্মীদের মধ্যে যোগাযোগ স্থাপন এখন অনেক সহজ। অনলাইন মিটিংয়ের মাধ্যমে সবাই সবাইকে দেখতে পাচ্ছে, শুনতে পাচ্ছে। একেবারে নীচের স্তরের কর্মীর কথা জানতে পারছেন কয়েক ধাপ উপরের স্তরের কর্মী। আগে যা অসম্ভব ছিল। স্কুলেও শিক্ষক সরাসরি প্রত্যেক ছাত্রছাত্রীর সঙ্গে যোগাযোগ রাখতে পারছেন। ফলে এই মাধ্যমটির বিভিন্ন সুবিধাজনক দিক আমরা দেখতে পাচ্ছি। প্রযুক্তির ব্যবহার ছাড়া টিকে থাকা ক্রমশ কঠিন হয়ে পড়ছে।

কিন্তু অন্য দিকে, গ্রামাঞ্চলে বা যেখানে বিদ্যুতের সুবিধা অপ্রতুল, সেখানে ছেলেমেয়েরা তুলনায় পিছিয়ে পড়ছে। জ্ঞানের অভাব একটা ব্যবহার তৈরি করছে।

লাইব্রেরির ব্যবহার

এই পরিহিতির মোকাবিলা করা কঠিন, কিন্তু অসম্ভব নয়। আগে জ্ঞানের চর্চা ঘরা করতেন তারা লাইব্রেরিতে যেতেন। এখনও বহু মানুষ পড়াশোনার জন্য লাইব্রেরিতে যান। সেখানে শুধু পাঠ্যবই নয়, বিদেশি জার্নাল, অন্যান্য বই, এনসাইক্লোপিডিয়া নিয়মিত রাখা হয়। আমি ছাত্রজীবনে মার্কিন দূতাবাসের লাইব্রেরি এবং ব্রিটিশ কাউন্সিলে যেতাম। সেখানে যেসব বই, বিশেষত ম্যাগাজিন আসত, সেসব কেনার মতো আর্থিক ক্ষমতা ছিল না। আর খুব একটা



পাওয়াও যেত না। অনেকেই সেখানে পড়াশোনা করতে আসতেন। একথা সত্যি যে, লাইব্রেরির সংখ্যা এবং ব্যবহার দুই-ই এখন কমে দিকে। তবে সপ্তাহের একটা পুরো দিন যদি কোনও লাইব্রেরিতে কাটতে পারো তাহলে ভালো হয়।

অর্থাৎ নিজেকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অনলাইন বা অফলাইন, কোনও একটা পছন্দ নিতেই হবে। ইন্টারনেট থাকলে সবকিছুই অনেক সহজ হয় ঠিকই, না থাকলেও চিরাচরিত প্রথা তো আছেই।

সরকারের তরফে ডিজিটাল উন্নতির লক্ষ্যে বিভিন্ন প্রকল্প চলছে। স্কুল-কলেজে ইন্টারনেটের ব্যবস্থা করা হচ্ছে অনেক জায়গায়। কিছুটা সময় সেখানে কাটিয়ে পড়া বা চাকরি খোঁজার কাজগুলো এগিয়ে রাখতে পারো। এলাকার ক্লাব, সমিতি বা স্কুলঘরে, এলাকার লাইব্রেরিগুলোতে যদি অনেকে মিলে বই কেনা, জার্নাল কেনা, ইন্টারনেটের ব্যবস্থা করে নিতে পারো তাহলে সবাইর উপকার হবে।

দক্ষতা অনুযায়ী পেশা

নিজের পছন্দমতো পেশা বেছে নেওয়া জরুরি। আমাদের বৌথ পরিবারে প্রত্যেকেই হয় চিকিৎসক, নয়তো ইঞ্জিনিয়ার। পরিবারিক ধারা বজায় রাখার চাপ ছিল। কিন্তু আমি হলাম একমাত্র ব্যতিক্রমী। কেবল আমার এক দাদা পাশে ছিলেন। উৎসাহ দিতেন নিজের দক্ষতা ও আগ্রহ অনুযায়ী কোনও পেশায় যেতে। এ কথা ঠিক, অনেক সময় আর্থিক বা সামাজিক বাধার কাজটা কঠিন হয়ে ওঠে। যেমন বর্তমান পরিস্থিতিতে যে-কোনও কাজ পেলে নিয়ে নেওয়াই উচিত। কিন্তু পছন্দ অনুযায়ী কাজের জন্য নিজেকে তৈরি করো, সে প্রচেষ্টা কখনও বন্ধ করো না। স্বপ্নকে সত্যি করার জন্য বাস্তব বুদ্ধি থাকতে হবে।

পড়াশোনা জরুরি

এম বি এ কোর্সের শেষ পরীক্ষা হওয়ার আগেই আমি চাকরিতে যোগ দিই। বিজ্ঞাপন দেখে আমূল সংস্থায় পরীক্ষা দিয়ে চাকরি পেয়ে যাই। চাকরি করতে করতেই শেষ সেমিস্টারের প্রোজেক্ট করি, নিজের কাজের জায়গাতেই। পরীক্ষা দিয়েছিলাম অফিসে ছুটি নিয়ে। রিটেল ইন্ডাস্ট্রিতে ছিলাম বলে সাক্ষাৎকারী ডিপ্লোমা কোর্স করি এই বিষয় নিয়ে। অফিসের পরে রোজ সন্ধ্যায় ক্লাস করতে চলে যেতাম। এখন এই লকডাউনে ঘরে বসে গুগল-এর মাধ্যমে ডিজিটাল মার্কেটিংয়ের কোর্স করে নিচ্ছে। হার্ভার্ড, অক্সফোর্ড-এর থেকে নানারকম অনলাইন স্ক্রিপ্ট কোর্সও হয়। নামকরা অধ্যাপকরা পড়াচ্ছেন সেখানে।

পড়াশোনা খুব জরুরি। তাই যেটুকু পারো, যেভাবে পারো পড়াশোনা এগিয়ে রাখো। কোনও না কোনও ভাবে ঠিক কাজে লেগে যাবে।

আর্মিতে ১৭৭ ইঞ্জিনিয়ার

ফ্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ১৭৭ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পুরুষদের ক্ষেত্রে ৫৭ তম এবং মহিলাদের ক্ষেত্রে ২৮ তম শর্ট সার্ভিস কমিশনে। প্রাথমিক অধিবাহিত হতে হবে। ফ্রেনিং শুরু হবে ২০২১-এর অক্টোবরে।

মোট শূন্যপদ ১৭৭টি। শাখানুসারে শূন্যপদ: নিউজ/বিকিং কন্স্ট্রাকশন টেকনোলজি: পুরুষ ৬০টি, মহিলা ৫টি। মেকানিক্যাল: পুরুষ ৫টি, মহিলা ১টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: পুরুষ ৮টি, মহিলা ১টি। কম্পিউটার মায়ের অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/এম এসসি কম্পিউটার মায়ের: পুরুষ ৩১টি, মহিলা ৪টি। ইনফর্মেশন টেকনোলজি: পুরুষ ১২টি, মহিলা ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন: পুরুষ ৫টি। টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং: পুরুষ ৪টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: পুরুষ ৫টি।

ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। কম্পিউটার শাখায় ক্ষেত্রে কম্পিউটার সায়েন্সের এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

বয়স: ১১-১০-২০২১ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১০-১৯৯৪ থেকে ১-১০-২০০১-এর মধ্যে।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথলা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে বার্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের জন্য। প্রথম বার এই এপ্রিভে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেলভাড়া পাওয়া যাবে।

ফ্রেনিংয়ের মেসাদ ৪৯ সপ্তাহ। সেন্ট্রাল অফিসার্স ফ্রেনিং অ্যাকাডেমিতে ফ্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বারন পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ফ্রেনিং শেষে লেফটেন্যান্ট ব্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৩ জুন পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর বোল নম্বর -সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন। দৃষ্টিশক্তি, দৈহিক মাপজোক-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ন্যাশনাল ফার্টিলাইজার্সে চাকরি

অ্যাকাউন্টস অফিসার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মেটেরিয়ালস) এবং মেটেরিয়ালস অফিসার পদে ২১ জনকে নেবে ন্যাশনাল ফার্টিলাইজার্স লিমিটেড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 02/2021.

শূন্যপদের বিন্যাস: অ্যাকাউন্টস অফিসার ৭টি, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মেটেরিয়ালস) ৪টি, মেটেরিয়ালস অফিসার ১০টি। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়সে।

দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nationalfertilizers.com দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ২৫ জুনের মধ্যে পৌঁছাতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

আগ্রহীরা বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

মে, ২০২১

ভ্রমণ

এখন ঘরে বসে পড়ুন।
পরে বেরিয়ে পড়ুন।

কুলিকে পাখির রাজ্যে। আনলক পর্বে করবেটের জমলে।
গাড়ায়েলের পথে। গুপ্ত কৃন্দাবন থেকে তপোবন।
দলগাঁও থেকে চিসায় হয়ে পালা। কাংড়া উপত্যকা। তড়াওয়ার
বাঘ। মায়াবী মেলিকো। দার্জিলিং। ছদশক আগের কাশ্মীর।

আজই আপনার সংবাদপত্র বিক্রোতাকে বলে রাখুন।

চাকরির পরীক্ষায় কর্মেয় কোচিং

ডব্লু বি সি এস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংস্কার পর

137. সাধারণত প্রচ্ছন্ন বেকারত্ব দেখতে পাওয়া যায়:
(a) পরিবহন ক্ষেত্রে (b) শিল্পক্ষেত্রে (c) বাণিজ্য ক্ষেত্রে (d) কৃষিক্ষেত্রে
138. ভারতে অয়ন-বৈষম্যের প্রধান কারণ নয়:
(a) জমির কেন্দ্রীকরণ (b) বেকারত্ব (c) সবুজ বিপ্লব (d) মহামূল্য বৃদ্ধি
139. টাটা পরিবার একটি:
(a) একচেটিয়া শিল্পসমষ্টি (b) বৌদ্ধ মূলধন কোম্পানি (c) একচেটিয়া প্রতিষ্ঠান (d) সরকারি সংস্থা
140. মহানবিশ কমিটি গঠিত হয়েছিল:
(a) 1951 (b) 1948 (c) 1970 (d) 1960
141. দারিদ্রের হার নির্ধারণে বা পরিমাপে নীচের কোন অর্থনীতিবিদ জড়িত নন?
(a) সুবিমল দত্ত (b) ডা ডি পি ওবা (c) ডা প্রশ্ব বর্দন (d) ডা ভাস্কর ও রথ
142. ভারতের গ্রামাঞ্চলের তুলনায় শহরাঞ্চলের অয়ন-বৈষম্য:
(a) কম (b) তুলনামূলকভাবে বেশি (c) খুব কম (d) বেশি
143. শুধুমাত্র রাজ্যসভা যাকে পদচ্যুত করতে পারে:
(a) মুখ্যমন্ত্রী (b) স্পিকার (c) উপরাষ্ট্রপতি (d) রাষ্ট্রপতি
144. লোকসভার সাধারণ কার্যকাল হল:
(a) 10 বছর (b) 6 বছর (c) 5 বছর (d) 4 বছর
145. বিধানসভায় রাজ্যপাল কতজন ইন্ড-ভারতীয়কে নিয়োগ করেন?
(a) 4 জন (b) 2 জন (c) 1 জন (d) 3 জন
146. রাজ্যসভার সভাপতি হলেন:
(a) রাজ্যপাল (b) রাষ্ট্রপতি (c) উপরাষ্ট্রপতি (d) স্পিকার
147. অয়ন-বৈষম্য পরিমাপকারী রেখাটি হল:
(a) লরেঞ্জ রেখা (b) শ্রমের চাহিদারেখা (c) চাহিদা রেখা (d) সমপ্রান্তিক উপযোগিতা রেখা
148. নীচের কোনটি অয়ন-বৈষম্যের কারণ নয়?
(a) বেকার সমস্যা (b) ব্রহ্মমূল্য (c) ভূমিসংস্কার (d) কর ফাঁকি
149. রাজ্য আইনসভার উচ্চকক্ষ হল:
(a) আইনসভা (b) বিধানসভা (c) বিধান পরিষদ (d) রাজ্যসভা
150. রাজ্যসভা অর্থবিভাগকে কতদিন আটকে রাখতে পারে:
(a) 14 দিন (b) 30 দিন (c) 7 দিন (d) 20 দিন
151. চতুর্থ সমানুপাতিক কী হবে? 6, 18, 54
(a) 160 (b) 162 (c) 180 (d) 90
152. দুটি সংখ্যার অনুপাত 4:5। তাদের পার্থক্য 5 হলে, সংখ্যা দুটির সমষ্টি কত?
(a) 45 (b) 42 (c) 40 (d) 50
153. কোনও বৃত্তের ব্যাস 20% কমানো হলে তার ক্ষেত্রফল শতকরা কত কমবে?
(a) 35% (b) 36% (c) 40% (d) 30%
154. কোনও সংখ্যার এক-চতুর্থাংশ থেকে এক-পঞ্চমাংশ বিয়োগ করলে বিয়োগফল 20 হয়। সংখ্যাটি কত?
(a) 500 (b) 400 (c) 200 (d) 150
155. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 650, 825, 1050-কে ভাগ করলে সর্বক্ষেত্রে সমান ভাগশেষ থাকবে?
(a) 15 (b) 25 (c) 45 (d) 15
156. $\left(1 - \frac{1}{3}\right) \left(1 - \frac{1}{4}\right) \left(1 - \frac{1}{5}\right) \dots \left(1 - \frac{1}{n}\right) = ?$
(a) 1 (b) $\frac{3}{n}$ (c) $\frac{2}{n}$ (d) $\frac{1}{n}$
157. যদি 18টি দ্রব্যের ক্রয়মূল্য 21টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হয়, তবে দ্রব্যের হার কত?
(a) 21% (b) 14% (c) 15% (d) $14\frac{2}{7}\%$
158. কোনও টাক 10 বছরে সুদে-আসলে দ্বিগুণ হয়, কত বছরে তা তিনগুণ হবে?
(a) 20 বছর (b) 21 বছর (c) 30 বছর (d) 25 বছর
159. চার অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা 12, 15, 20 ও 35 দ্বারা বিভাজ্য?
(a) 1200 (b) 1280 (c) 1260 (d) 1250
160. দুটি সংখ্যার অনুপাত 4:5। তাদের গ.সা.ও. 12। সংখ্যা দুটির ল.সা.ও. কত?
(a) 300 (b) 250 (c) 150 (d) 240
161. নীচের কোন সেটিটি প্রবৃত্ত সেটের অনুরূপ হবে?
প্রবৃত্ত সেট: {9, 81, 729}
(a) {3, 9, 30} (b) {12, 144, 221} (c) {7, 49, 343} (d) {6, 36, 92}
162. শ্রুতি রুমার থেকে বয়সে বড়। গীতালি রুমার থেকে বয়সে ছোট। পূজা শ্রুতির থেকে বয়সে বড়। সবথেকে বড় কে?
(a) পূজা (b) শ্রুতি (c) গীতালি (d) রুমা
163. সঠিক বিকল্প বসিয়ে শূন্যস্থান পূরণ করুন।
aa ___ b ___ ab ___ ac ___ a ___ dc
(a) babce (b) abade (c) aaada (d) abaad
164. শব্দগুলিকে ডিকশনারী অনুযায়ী সাজালে কোন শব্দটি তৃতীয় স্থানে বসবে?
Chasm, Chase, Chart, Charm
(a) Chart (b) Chase (c) Charm (d) Chase
- নির্দেশ (165 to 167): একই সম্পর্কযুক্ত বিকল্প খুঁজে নিয়ে লিখুন।
165. Calender : Date :: Dictionary : ?
(a) Read (b) Meaning (c) Word (d) Thesaurus
166. DEVIL : LIVED :: STRAP : ?
(a) PARTS (b) PRATS (c) SPART (d) TRAPS
167. 8 : 24 :: ? : 32
(a) 8 (b) 6 (c) 10 (d) 16
- নির্দেশ (168 to 171): উপযুক্ত বিকল্প বসিয়ে শ্রেণিসারিগুলি সম্পূর্ণ করুন।

168. 6, 11, 17, 24, 32, 41, ___
(a) 50 (b) 51 (c) 52 (d) 49
169. 5, 10, 13, 26, 29, 58, 61, ___
(a) 125 (b) 122 (c) 128 (d) 64
170. Z, T, O, K, H, ___
(a) F (b) E (c) G (d) C
171. AYD, BVF, DRH, ___, KGL
(a) GLJ (b) FMI (c) GMJ (d) HLK
172. যদি ফুলকে গাছ, গাছকে সালা, সালাকে বেগুনি, বেগুনিকে কালো বলা হয় তবে গাছের রং কী হবে?
(a) বেগুনি (b) কালো (c) ফুল (d) সালা
173. যদি একটি নির্দিষ্ট কোডে EARTH-কে লেখা হয় IUSBP, তবে GLOBE-কে কী লেখা হবে?
(a) FPMHG (b) FCPMH (c) HMPCF (d) PCHFM
- নির্দেশ (174 to 177): অমিল বিকল্প খুঁজে নিয়ে লিখুন।
174. (a) 5 $\frac{6}{17}$ (b) 5 $\frac{15}{17}$ (c) 9 $\frac{1}{11}$ (d) 7 $\frac{9}{13}$
175. (a) Wool (b) Feather (c) Hair (d) Grass
176. (a) IKMO (b) ACEG (c) BDFH (d) RIVW
177. (a) 73 (b) 37 (c) 87 (d) 53
178. যদি PLAY = 8123 হয় এবং RHYME = 49367 হয়, তবে MALL = ?
(a) 6285 (b) 6198 (c) 6217 (d) 6395
179. যদি $19 \times 6 = 38$, $32 \times 12 = 128$, $17 \times 9 = 51$ হয়, তবে $9 \times 3 = ?$
(a) 27 (b) 9 (c) 18 (d) 35
180. নীচের কোনটি অধ্যাপক, ডাক্তার ও মানুষের মধ্যে সম্পর্ক বোঝাবে?
 (a) (b) (c) (d)
181. 'ওয়েলথ অব নেশনস' বইটি কার লেখা?
(a) আলান টর্কলার (b) আডাম স্মিথ (c) মহাত্মা গান্ধী (d) জর্জ হারলান নেহরু
182. 'Child is the father of Man' —একথা বলেছিলেন:
(a) লর্ড বায়রন (b) উইলিয়াম শেক্সপিয়ার (c) জন কিটস (d) ওয়ার্ডসওয়ার্থ
183. ভারতের প্রথম সর্বক চলচ্চিত্র হল:
(a) কলন (b) আলম আরা (c) হরিশ্চন্দ্র (d) কিসমত
184. গীতা চন্দন হলেন একজন বিখ্যাত:
(a) চলচ্চিত্র নির্মাতা (b) ভরতনাট্যম নৃত্যশিল্পী (c) বিখ্যাত ভাগ্যলিঙ্গ বাদক (d) সংগীত শিল্পী
185. জাতীয় টিকাকরণ দিবস হল:
(a) 5 এপ্রিল (b) 16 মার্চ (c) 12 জানুয়ারি (d) 24 ফেব্রুয়ারি
186. 2021 পদ্ম পুরস্কার প্রাপকদের মধ্যে মরণোত্তর পদবিভূষণ পেয়েছেন কোন বিখ্যাত সঙ্গীত শিল্পী?
(a) গীতা দত্ত (b) মাদ্রা দে (c) এস পি বালাসুব্রহ্মণ্যম (d) মহম্মদ রফি
187. গেম চেঞ্জার কার আঞ্চলিক?
(a) স্কিম খেলি (b) বর্নিন খান (c) বিরাট কোহলি (d) শাহিদ আহমদি
188. বিখ্যাত পুস্তক 'উট মেলা' প্রত্যেক বছর কোন রাজ্যে আয়োজিত হয়?
(a) মহারাষ্ট্র (b) গুজরাত (c) রাজস্থান (d) বিহার
189. 2019 সালে বিশ্ব প্রেস ফ্রিডম ইনডেক্স-এ ভারত কত তম স্থানে রয়েছে?
(a) 142 (b) 110 (c) 112 (d) 140
190. ভারতে কোভিড-19 টিকাকরণ কর্মসূচি কবে থেকে শুরু হল?
(a) 12 জানুয়ারি, 2021 (b) 1 জানুয়ারি, 2021 (c) 16 জানুয়ারি, 2021 (d) 14 জানুয়ারি, 2021
191. পঞ্চ দুর্ঘটনায় আহতদের প্রথম 48 ঘণ্টা বিনামূল্যে চিকিৎসা যোগা করাচ্ছে কোন রাজ্য?
(a) কেরল (b) গুজরাত (c) অন্ধ্রপ্রদেশ (d) কर्নাটক
192. জো বইডেন কত তম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে শপথ নিলেন?
(a) 41তম (b) 44তম (c) 43তম (d) 46তম
193. 'ওয়ার্ল্ড আনিম্যাল ডে' প্রতিবছর কোনদিন পালিত হয়?
(a) 30 সেপ্টেম্বর (b) 4 অক্টোবর (c) 29 জুলাই (d) 13 মে
194. আমেরিকায় ভারতের রাষ্ট্রদূত পদে সম্প্রতি কে নিযুক্ত হয়েছেন?
(a) সুশীল শর্মা (b) শিব কাপুর (c) এস জয়শঙ্কর (d) তরুণজিৎ সিং সাঁধু
195. ফ্যামবলো ওয়াইল্ডলাইফ স্যাফারিটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) অকশাল প্রদেশ (b) সিকিম (c) অসম (d) পশ্চিমবঙ্গ
196. 8 জানুয়ারি কত তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়?
(a) 24তম (b) 28তম (c) 22তম (d) 26তম
197. অদিতি অশোক হলেন একজন:
(a) গন্দ্বার (b) টেনিস খেলোয়াড় (c) গায়িকা (d) নৃত্যশিল্পী
198. প্রথম অরগ্যানিক রাফোর তকমা পেয়েছে:
(a) ওড়িশা (b) গোয়া (c) সিকিম (d) বিহার
199. রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় গভর্নর হলেন:
(a) অজয় ত্যাগী (b) ইউ কে সিনহা (c) রঘুবীর রাজন (d) শক্তিকান্ত দাস
200. বোম্বালা বন্য প্রাণী সংরক্ষণ কেন্দ্র অবস্থিত:
(a) মণিপুরে (b) ত্রিপুরায় (c) গোয়ায় (d) কর্নাটকে

- 177(c), 178(c), 179(b), 180(b), 181(b), 182(d), 183(b), 184(b), 185(b), 186(c), 187(d), 188(c), 189(d), 190(c), 191(a), 192(d), 193(b), 194(d), 195(b), 196(d), 197(a), 198(c), 199(d), 200(c).

সমানুপাত
151(b): ধরি, চতুর্থ সমানুপাতিক = x
 $\therefore 6 : 18 :: 54 : x$ বা, $\frac{6}{18} = \frac{54}{x}$ বা, $x = \frac{18 \times 54}{6} = 18 \times 9 = 162$.

152(a): সংখ্যা দুটির সমষ্টি = $\frac{(4+5) \times 5}{5-4} = 9 \times 5 = 45$.

153(b): বৃত্তের ক্ষেত্রফল কমনে = $\left(2 \times 20 - \frac{20 \times 20}{100}\right) \% = (40 - 4)\% = 36\%$.

154(b): প্রদানসারে, $\frac{x}{4} - \frac{x}{5} = 20$ বা, $\frac{5x - 4x}{20} = 20$
বা, $\frac{x}{20} = \frac{20}{1}$ বা, $x = 400$.

155(b): $(825 - 650) = 175$, $(1050 - 825) = 225$, $(1050 - 650) = 400$
175, 225 ও 400-এর গ.সা.ও. = 25 \therefore নির্ণেয় বৃহত্তম সংখ্যা = 25.

156(c): $\left(1 - \frac{1}{3}\right) \left(1 - \frac{1}{4}\right) \left(1 - \frac{1}{5}\right) \dots \left(1 - \frac{1}{n}\right) = \frac{2}{3} \times \frac{3}{4} \times \frac{4}{5} \dots \frac{n-1}{n} = \frac{2}{n}$.

157(d): দ্রব্যের হার = $\left(\frac{21-18}{21}\right) \times 100 = 14\frac{2}{7}\%$.

158(a): ধরি, আসল = 100 টাকা, সুদ = আসল = 200 টাকা
সুদ $(200 - 100) = 100$ টাকা, সময় = 10 বছর
 \therefore বার্ষিক সুদের হার $(r) = \frac{S.I \times 100}{P \times t} = \frac{100 \times 100}{100 \times 10} = 10\%$

দ্বিতীয় ক্ষেত্রে, সময় $(t) = \frac{S.I \times 100}{P \times r}$, এক্ষেত্রে, S.I. = $(300 - 100) = 200$
 $P = 100$, $r = 10 \therefore$ নির্ণেয় সময় $(t) = \frac{200 \times 100}{100 \times 10} = 20$ বছর।

159(c): 12, 15, 20 ও 35-এর ল.সা.ও. = 420
চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = 1000
 $420 \left| \frac{1000}{2} \right. = 500$
 $\left. \frac{500}{2} \right. = 250$
 $\left. \frac{250}{2} \right. = 125$
 $\left. \frac{125}{5} \right. = 25$
 $\left. \frac{25}{5} \right. = 5$
 $\left. \frac{5}{5} \right. = 1$
 \therefore নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = $1000 + (420 - 160) = 1260$.

160(d): ধরি, সংখ্যা দুটি হল যথাক্রমে $4x$ ও $5x$
 \therefore ওদের গ.সা.ও. = x, প্রদানসারে, $x = 12$
 \therefore সংখ্যা দুটির মান = $4 \times 12 = 48$ এবং $5 \times 12 = 60$
 \therefore সংখ্যা দুটির ল.সা.ও. = 48×60 -এর ল.সা.ও. = 240.

166(a):

1	2	3	4	5	একইভাবে,	1	2	3	4	5
D	E	V	I	L		S	T	R	A	P
5	4	3	2	1		5	4	3	2	1
L	I	V	E	D		P	A	R	T	S


167(b): $2 \times 4 = 8$ (প্রথম সংখ্যা), একইভাবে, $2 \times 3 = 6$

168(b): $6 + 5 \rightarrow 11 \rightarrow 6 \rightarrow 17 \rightarrow 7 \rightarrow 24 \rightarrow 8 \rightarrow 32 \rightarrow 9 \rightarrow 41 \rightarrow 10 \rightarrow 51$

169(b): $5 \times 2 \rightarrow 10 \rightarrow 3 \rightarrow 13 \times 2 \rightarrow 26 \rightarrow 3 \rightarrow 29 \times 2 \rightarrow 58 \rightarrow 3 \rightarrow 61 \times 2 \rightarrow 121$

170(a): $Z \rightarrow -6, T \rightarrow -5, O \rightarrow -4, K \rightarrow -3, H \rightarrow -2, \boxed{F}$

171(c): $A \rightarrow +1, B \rightarrow +2, D \rightarrow +3, G \rightarrow +4, K$
 $Y \rightarrow -3, V \rightarrow -4, R \rightarrow -5, M \rightarrow -6, G$
 $D \rightarrow +2, F \rightarrow +3, H \rightarrow +2, I \rightarrow +2, L$



174(a) $9 \frac{1}{11} = \frac{100}{11}, 7 \frac{9}{13} = \frac{100}{13}, 5 \frac{15}{17} = \frac{100}{17}$ কিন্তু $5 \frac{6}{19} = \frac{101}{19}$

176(d): $B \rightarrow +2, D \rightarrow +2, F \rightarrow +2, H$
 $A \rightarrow +2, C \rightarrow +2, E \rightarrow +2, G$
 $I \rightarrow +2, K \rightarrow +2, M \rightarrow +2, O$
কিন্তু, $R \rightarrow +2, T \rightarrow +2, V \rightarrow +1, W$

177(c): একমাত্র 87 হল মৌলিক সংখ্যা।
178(c): P L A Y - R H Y M E \therefore M A L E
 $\downarrow \downarrow \downarrow \downarrow \downarrow \downarrow \downarrow \downarrow$
8 1 2 3 4 9 3 6 7

179(b): $19 \times 6 \rightarrow \frac{19 \times 6}{3} = 38$, $32 \times 12 \rightarrow \frac{32 \times 12}{3} = 128$
 $17 \times 9 \rightarrow \frac{17 \times 9}{3} = 51$, $3 \times 9 \rightarrow \frac{9 \times 3}{3} = 9$ প্রকৃত করেছেন: এক্ষা কাঁ

বিনামূল্যে মাদুরকাঠি দিয়ে মাদুর ও অন্যান্য হস্তশিল্প বানানোর প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হোন

প্রথম পাতার পর



ফাইবার মিশন প্রকল্প তৈরি ও রূপায়ণে বিশেষ ভূমিকা গ্রহণের পাশাপাশি রাজ্য কমিটির পরামর্শদাতা নিযুক্ত হন নিখিলবাবু। এছাড়া কানাডা সরকারের আর্থিক সহায়তায় মাদুরকাঠি নিয়ে স্বল্পবয়সী গবেষণার কাজে প্রায় তিন বছর যুক্ত তিনি। গুণগত মানের উন্নয়ন ও বৈচিত্র্য বৃদ্ধির মাধ্যমে পশ্চিমবঙ্গের মাদুরকে বিশেষ পরিচিতি করতে তাঁর প্রচেষ্টা প্রশংসা পেয়েছে। নিখিলবাবুর পাঁচ দশকের প্রচেষ্টায় বহু মানুষের আর্থিক সংস্থান হয়েছে, এখনও জরি আছে সেই কাজ।

প্রশিক্ষণ

দুই মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়শাম ছাড়াও বালার মে-কোনও জয়গা থেকে প্রাপ্তবয়স্করা মার্কপচক্রে চাইন্ড অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটিতে এসে মাদুরকাঠি দিয়ে তৈরি করার মাদুর, বিভিন্ন আকারের ব্যাগ, ম্যাট, বিবিধ শৌখিন ছবা ইত্যাদি তৈরি করা শিখতে পারেন। অগ্রাধিকার পাবেন অনগ্রসর, দুঃস্থ ও জনজাতির মহিলারা।

তিন মাসের প্রশিক্ষণ। এখানে থেকে বিনামূল্যে কাজ শেখা যাবে। কোনও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন পড়ে না। থাকার জন্য প্রতি মাসে খরচ ১,০০০ টাকা। এখানেই চার বেলা খাওয়ার ব্যবস্থা আছে, মিল পিছু খরচ ১২ থেকে ১৫ টাকা। এক সপ্তে ৫০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রতিদিন দুটি সেশনে ক্লাস—সকাল দশটা থেকে দুপুর বারোটা এবং দুপুর তিনটে থেকে বিকেল পাঁচটা। কাজের অগ্রগতির উপর নির্ভর করে কখনও আধ থেকে এক ঘণ্টা মেয়াদ বেড়ে যায় ক্লাসের। প্রশিক্ষণপ্রাপ্তরা সংস্থায় এসে কাজ করতে পারেন, আবার সংস্থার জন্য বাড়িতে বসেই কাজ করতে পারেন পারিশ্রমিকের বিনিময়ে। বাড়িতে বসে কাজ করার পরিকাঠামো তৈরি করে দেয় সংস্থা।

মাদুর বানানোর জন্য একটি উইভিং মেশিনের প্রয়োজন হয়, যার দাম ১৫ হাজার টাকা। ঘরে বসে কাজ করার জন্য সেই মেশিন কিনে নিতে হয়। মেশিনের দাম একবারে দিতে না পারলেও অসুবিধা নেই, প্রতি মাসের পারিশ্রমিক থেকে কিস্তিতে শোধ করা যাবে। আর সংস্থায় এসে কাজ করলে মেশিন কেনার প্রস্ন নেই। মাদুরের সামগ্রী তৈরির কাঁচামাল—সূতা, কাঠি ইত্যাদি সংস্থাই সরবরাহ করে।

প্রয়োজনে সংস্থার প্রশিক্ষকরা অন্য জায়গায় গিয়ে প্রশিক্ষণ দিয়ে আসেন। এজন্য সংস্থার সঙ্গে যোগাযোগ করার আগে বেশ কয়েক জন মিলে একটি গ্রুপ তৈরি করাই ভালো। প্রশিক্ষকের তিন মাসের খরচ বহন করতে হবে।

নীলেশবাবু জানান, মাদুরকাঠি সাধারণত সবুজ, পিলা ও পূর্ব মেদিনীপুরের ভগবানপুর রুকে পাওয়া যায়। রসদেয় প্রচুর ধাক্কা খাওয়া তাঁরা উপাদানের মানের উপর বিশেষ ভাবে জোর দেন। সংস্থায় শিল্পীদের কাজ দেখিয়ে দেওয়ার জন্য অভিজ্ঞ শিক্ষকরা রয়েছেন। যারা বাড়িতে বসে কাজ করেন তাঁদের বাড়িতে গিয়ে অসুবিধাগুলি মেনোনার যথাসাধ্য চেষ্টা করা হয়, বিশেষ করে তা যদি হয় মেশিন সংক্রান্ত সমস্যা। তবে একইসঙ্গে তাঁর বক্তব্য, যোহুত আন্তর্জাতিক বাজারে তাঁদের তৈরি সামগ্রীর সুনাম আছে, তাই মানের সঙ্গে আপস করা হয় না। এই জন্য সংস্থায় এসে বা সংস্থার কাছাকাছি থেকে শিল্পীদের কাজ করার উপর জোর দেন নীলেশবাবু।

কাজের সুযোগ

নীলেশবাবু জানান, প্রশিক্ষণপ্রাপ্ত একজন শিল্পী তাঁদের সংস্থার জন্য উপাদান করে প্রতি মাসে পাঁচ থেকে সাত হাজার টাকা পর্যন্ত উপার্জন করেন। দেশে হস্তশিল্প সামগ্রীর সেরা বিপণন সংস্থাগুলি, যেমন, ফ্যাব ইন্ডিয়া, সালা এক্সপোর্ট, টাইফেড (টাইবাল কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন অব ইন্ডিয়া), শান্তিনিকেতনের 'আমার কুটির', দিল্লি, ওড়িশা ও পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান নিয়মিত চাইন্ড অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির মাদুর ও অন্যান্য হস্তশিল্প সামগ্রী কেনে। ডাক পড়ে রাজ্য ও দেশের নানা প্রান্তে আয়োজিত হস্তশিল্প মেলায়।

যারা প্রশিক্ষণ নিতে পারবেন না বা সংস্থায় এসে কাজ করার সুযোগ যদিও নেই, তাঁদের জন্যও আয়ের পথ খুলে রেখেছে চাইন্ড অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি। পশ্চিমবঙ্গ এবং ভারতের মে-কোনও প্রান্ত থেকে এই সংস্থার তৈরি মাদুর, বাঁশ, সাবাই ঘাসের তৈরি জিনিস হোলসেলে কিনে বিক্রি করা যায়। রাজ্য ও দেশের বাজারে খুবই কদর রয়েছে এইসব শৌখিন জিনিসের।

যোগাযোগ: মার্কপচক্রে, পোস্টঅফিস- বিষ্ণুপুর বাজার, পশ্চিম মেদিনীপুর, ফোন: (0) 3222-285059 / 285413। ই-মেইল: csws2rediffmail.com, infocsw.in ওয়েবসাইট: www.csws.in / www.cbrc.co.in

ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে অ্যাপ্রেন্টিস

কম্পিউটার অপারেটর আন্ড প্রোগ্রামিং আন্ড সিস্টেমস, স্টেনোগ্রাফার আন্ড সেক্রেটারিয়াল আন্ড সিস্টেমস এবং কম্পিউটার হার্ডওয়্যার আন্ড নেটওয়ার্ক মেইন্টেন্যান্স ট্রেডে ৩১ জন অরল-অরলীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন। প্রশিক্ষণ দেওয়া হবে যোধপুরের ডিফেন্স ল্যাবরেটরিতে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DLJ/HRD/Rectt/Apprenticeship/2021-22. প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

আসনসংখ্যার বিবরণ: কম্পিউটার অপারেটর আন্ড প্রোগ্রামিং আন্ড সিস্টেমস ২০টি, স্টেনোগ্রাফার আন্ড সেক্রেটারিয়াল আন্ড সিস্টেমস (ইংলিশ) ৮টি, কম্পিউটার হার্ডওয়্যার আন্ড নেটওয়ার্ক মেইন্টেন্যান্স ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ।

২০১৮-র আগে যোগ্যতামান নির্ণয়ক পুরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে, পোস্ট-গ্রাজুয়েশন করে থাকলে, ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে এবং এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

স্টাইপেন্ড: প্রতি মাসে ৭,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেসার ভিত্তিতে।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে মাধ্যমে: <https://apprenticeshipindia.org>

এরপর সংশ্লিষ্ট সংস্থায় প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে নির্দিষ্ট বয়সে আবেদনের বয়স ডাউনলোড করে নেন। এই ওয়েবসাইটে থেকে: www.drdo.gov.in আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো স্টেট দেবেন। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করবেন। পূরণ করা আবেদনপত্র পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করে কম্পিউটারে সেভ করে রাখবেন। এটি ই-মেলে পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্ক্যান কপি-সহ আবেদনপত্র ১৯ জুনের মধ্যে ই-মেলে করতে হবে এই ঠিকানায়: director@dl.drdo.in

বৃ্তিলাভিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেসে ২৬৬ নার্সিং অফিসার

২৬৬ জন নার্সিং অফিসার নেবে বেঙ্গালুরু ন্যাশনাল ইনস্টিটিউট অব মেডিকেল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIMH/PER(6)/RECT/ADVT-1/2021-22.

শূন্যপদের বিন্যাস: সাধারণ ৮২, তফসিলি জাতি ৬৩, তফসিলি উপজাতি ৩০, ও বি সি ৬৬, আর্থিক ভাবে অনগ্রসর ২৫। এর মধ্যে ৪ শতাংশ শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স) নার্সিং বা বি এসসি নার্সিং অথবা বি এসসি (পোস্ট সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং। সেই সঙ্গে নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথীভুক্ত থাকতে হবে এবং অন্তত ৫০ শয্যাশিপি হাসপাতালে দু'বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে।

সংরক্ষিত কাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০

১,১৮০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮৮৫ টাকা)।

দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে যাবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত ২৮ জুনের মধ্যে পৌঁছাতে হবে এই ঠিকানায়: The Director, NIMHANS, P.B.No.2900, Hosur Road, Bengaluru-560 029। বৃ্তিলাভিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ফ্যাশন ইনস্টিটিউটে বিভিন্ন চাকরি

বিভিন্ন পদে কিছু কর্মী নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। তিন বছরের চুক্তিতে নিয়োগ করা হবে প্রতিষ্ঠানের শ্রীনিগর ক্যাম্পাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIFT/Srinagar/Adv. No. 01/2021.

নিয়োগ করা হবে এই সব পদে (বন্ধনিত শূন্যপদ):

- মাল্টি টাচিং স্টাফ (৭টি), স্টেনোগ্রাফার (১টি), আর্টিস্টিক (মিডিয়াম অ্যান্ড অ্যাকটুইটিস) (১টি), আর্টিস্টিক ওয়ার্ডেন (মহিলা) (১টি), মেশিন মেকানিক (১টি), লাইব্রেরি আর্টিস্টিক (১টি), জুনিয়র আর্টিস্টিক (২টি), ল্যাব আর্টিস্টিক (এফ ডি) (১টি), ল্যাব আর্টিস্টিক (এফ সি) (১টি), ল্যাব আর্টিস্টিক (আই টি) (১টি), ড্রাইভার (১টি)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nift.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ জুন।

APPLIED SCIENCES

- B.Sc. (Hons.) - Chemistry/Physics/Mathematics/Statistics
- B.Sc. (Hons.) - Diabetics & Applied Nutrition
- M.Sc. - Applied Chemistry/ Applied Mathematics/ Applied Physics
- Master of Statistics
- Ph.D. - Mathematics/Physics/ Chemistry/Statistics

ARCHITECTURE

- B.Arch.

BIOTECHNOLOGY

- B.Sc. (Hons.) - Biotechnology
- M.Sc. - Biotechnology
- Ph.D. - Biotechnology

COMMERCE

- B.Com. (Hons.) - M.Com.

COMMUNICATION

- Bachelor of Journalism & Mass Communication
- Master of Journalism & Mass Comm.
- M.A. - Film & TV Production
- M.A. - PR & Event Management

COMPUTER SCIENCE

- BCA - MCA - BCA + MCA (Dual)
- B.Sc. (Hons.) - Data Science

ECONOMICS

- B.Sc. (Hons.) - Economics
- M.Sc. - Economics
- Ph.D. - Economics

EDUCATION

- M.Ed. - B.Ed.Ed

ENGINEERING

- B.Tech. - Mechanical & Automation Engg./ Electronics & Comm. Engg./ Civil Engg./ Computer Science Engg./ Artificial Intelligence
- B.Tech. + M.Tech. - Artificial Intelligence & Robotics Integrated
- M.Tech. - Computer Science Engg./ Electronics & Comm. Engg./ Mechanical Engg.

ENGLISH LITERATURE

- B.A. (Hons.) - English
- M.A. - English - Ph.D. - English

ENVIRONMENTAL SCIENCE

- B.Sc. - Environmental Science

FASHION

- B.Des. - Fashion Design
- B.Des - Fashion Communication
- Bachelor of Fashion Technology

FINE ARTS

- BFA - BFA - Animation
- MFA - Painting
- MFA - Applied Arts

HOSPITALITY

- Bachelor of Hotel Management

LANGUAGE

- B.A. (Hons.) German/French

LAW

- B.A. LL.B. (Hons.)
- B.Com. LL.B. (Hons.)
- BBA LL.B. (Hons.) + LL.B.
- LL.M. (BL) Approved by BCI

MANAGEMENT

- BBA - MBA + Ph.D. - Management
- B.Sc. (Hons.) - Nano Science
- M.Sc. - Nano Science + M.Tech. (3 years Dual Degree)

PSYCHOLOGY

- B.A. (Hons.) - Applied Psychology
- M.A. - Applied Psychology
- M.Phil. - Clinical Psychology
- Ph.D. - Psychology

SOCIAL SCIENCE

- B.A. (Hons.) - Political Sc./ History
- B.Sc. (Hons.) - Geography
- M.A. - Political Science
- M.Sc. - Geography

TRAVEL & TOURISM

- B.A. - Tourism Administration
- M.A. - Tourism Administration

2021-22 SESSION
ADMISSIONS OPEN

AMITY UNIVERSITY
KOLKATA

RANKED AS WEST BENGAL'S #1 PVT. UNIVERSITY

by Education World India Higher Education Rankings 2020-21

RANK	TOP 10 IN WEST BENGAL
1	Amity University, Kolkata
2	Univ. of Engg. & Mgmt, Kolkata
2	Adamas University, Kolkata
4	Brahmnee Univ., Kolkata
5	Techno India Univ., Kolkata
6	Sister Nivedita Univ., Kolkata
7	JS University, Kolkata

OVER 65 UG & PG DEGREES IN 21 DISCIPLINES

APPLIED SCIENCES

- B.Sc. (Hons.) - Chemistry/Physics/Mathematics/Statistics
- B.Sc. (Hons.) - Diabetics & Applied Nutrition
- M.Sc. - Applied Chemistry/ Applied Mathematics/ Applied Physics
- Master of Statistics
- Ph.D. - Mathematics/Physics/ Chemistry/Statistics

ECONOMICS

- B.Sc. (Hons.) - Economics
- M.Sc. - Economics
- Ph.D. - Economics

HOSPITALITY

- Bachelor of Hotel Management

COMMERCE

- B.Com. (Hons.) - M.Com.

COMMUNICATION

- Bachelor of Journalism & Mass Communication
- Master of Journalism & Mass Comm.
- M.A. - Film & TV Production
- M.A. - PR & Event Management

COMPUTER SCIENCE

- BCA - MCA - BCA + MCA (Dual)
- B.Sc. (Hons.) - Data Science

EDUCATION

- M.Ed. - B.Ed.Ed

ENGINEERING

- B.Tech. - Mechanical & Automation Engg./ Electronics & Comm. Engg./ Civil Engg./ Computer Science Engg./ Artificial Intelligence
- B.Tech. + M.Tech. - Artificial Intelligence & Robotics Integrated
- M.Tech. - Computer Science Engg./ Electronics & Comm. Engg./ Mechanical Engg.

ENGLISH LITERATURE

- B.A. (Hons.) - English
- M.A. - English - Ph.D. - English

ENVIRONMENTAL SCIENCE

- B.Sc. - Environmental Science

FASHION

- B.Des. - Fashion Design
- B.Des - Fashion Communication
- Bachelor of Fashion Technology

FINE ARTS

- BFA - BFA - Animation
- MFA - Painting
- MFA - Applied Arts

To apply for Fully Online Admission Process, visit www.amity.edu/kolkata

Major Arterial Road, Action Area II, Rajarhat, New Town, Kolkata | Helpline: 90-516-62027 | Ph: 9051666501/724 9051662012/14 | admissions@kol.amity.edu | www.amity.edu/kolkata | [Amity_Kolkata](https://www.facebook.com/Amity_Kolkata) | [amity_kolkata](https://www.instagram.com/amity_kolkata)